দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকাল ৪ টার সময় চন্দ্রবাস মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা নূর ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক মেম্বার আবুল কাশেম। খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের পক্ষে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন সাবেক মেম্বার ও বিএনপি নেতা ইকরামুল হোসেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলো, দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম কুতুবপুর ফুটবল একাদশ। খেলায় উভয় দল একটি একটি করে গোল করে খেলা ড্র হয় এবং ট্রাইবেকার পর্যন্ত পৌঁছায়। ট্রাইবেকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব পাঁচটি গোল করে এবং কুতুবপুর ফুটবল একাদশ চারটি গোল করে, ফলে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় এবং কুতুবপুর ফুটবল একাদশ রানার্সআপ হয়। টুর্নামেন্টের ম্যানঅব দা সিরিজ হয় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের মোঃ ইমরান হোসেন এবং ম্যানঅব দা ম্যাচ হয় গোলকিপার মোঃ আনারুল ইসলাম।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন, জাকির হোসেন এবং সহকারী রেফারির দায়িত্ব পালন করেন হুমায়ুন আহমেদও রজব আলী।

টুর্নামেন্ট শেষে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের কোচ ম্যানেজার শহীদ আজম সুদু বলেন, এ বিজয় শুধু আমাদের ক্লাবের বিজয় নয় এ বিজয় আমাদের সকলের। নিয়মিত খেলাধুলার আয়োজন করলে ছেলেরা সব মাঠে থাকবে, পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকবে ফলে মাদক থেকে দূরে থাকবে। চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব চ্যাম্পিয়ন হয়। আজকের বিজয়ে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি ও দামুড়হুদা স্পোটিং ক্লাবের সভাপতি ইখলাস উদ্দিন সুজন খেলায় অংশগ্রহণকারী সকলকে, ক্লাবের সকল কর্মকর্তা ও পৃষ্ঠপোষক সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

খেলা শেষে অতিথিদের হাত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করা হয়।

দামুড়হুদার চন্দ্রবাসে বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের চন্দ্রবাস গ্রামে আজ সোমবার সন্ধ্যা ৬ টার দিকে ইউনিয়ন বিএনপির কার্যালয়ে যুবদল নেতা আমানুর রহমানের সভাপতিত্বে ওয়ার্ড বিএনপি, কৃষকদল, সেচ্ছাসেবকদল, যুবদল, ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাটুদা ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক ওসমান গণি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৃহত্তর নতিপোতা ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক শহিদুল ইসলাম মোল্লা, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা জাবেদ আলী মেম্বর, নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

এসময় বক্তারা বলেন আমাদের এ বিজয় সাময়িক বিজয়। এ বিজয় ধরে রাখতে হলে আগামীতে চুয়াডাঙ্গা ০২ আসনের বিএনপির অভিভাবক মাহমুদ হাসান খাঁন বাবুকে এমপি করে সংসদে পাঠাতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপি সরকারে আসলে আমাদের বিজয় অর্জিত হবে। দলকে সুসংগঠিত করতে দিনরাত কাজ করতে হবে। সকলকে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন যুবদল নেতা মাসুদ, শহীদ, মিন্টু, ছাত্রদল নেতা এখলাস, ওয়ালিদ, জিহাদ, ইয়াসিন, রাকিব, মহিবুল, সেলিম, তানভীর প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

দামুড়হুদার চন্দ্রবাসে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

দামুড়হুদার চন্দ্রবাস গ্রামে পুকুরের পানিতে ডুবে ৪বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার দুপুরে বাড়ির পাশের একটি পুকুরে ডুবে শিশুটির মৃত্যু হয়। শিশু যুবায়েদ রহমান জুনায়েদ দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের চন্দ্রবাস গ্রামের মাঠপাড়ার শরিফুল ইসলামের ছেলে।

পরিবার ও স্থানীয়দের বলেন, রবিবার সকালে শিশু যুবায়েদ রহমান জুনায়েদ বাড়ির পাশে খেলছিল। এসময় তার মা বাড়িতে সাংসারিক কাজে ব্যস্ত ছিলেন। খেলতে খেলতে কখন পাশের পুকুরের পানিতে পড়ে যায় জুনাইদ। স্থানীয় একজন গোসল করতে গেলে তার পায়ে শিশু জুনাইদের মরদেহ বাঁধে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, আমি এ ব্যাপারে এখনো কিছু জানি না।